গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
অডিট ও সমন্বয় অধিশাখা
www.sid.gov.bd

২৫ ভাদ্র ১৪২২
নং-৫২.০১০.০০৬.০০.০০.০২৬.১৯৯৮(অংশ-৬)-১৯৫ তারিখঃ--------------------
০৯ সেপ্টেম্বর ২০১৫

বিষয়ঃ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জুন/২০১৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ০২ সেপ্টেম্বর, ২০১৫ তারিখে অনুষ্ঠিত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর জুন/২০১৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো। উক্ত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী থাকলে তা অবহিতকরণপূর্বক সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫.০৯.২০১৫ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে অডিট ও সমন্বয় অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ২ (দুই) পাতা।

(মোঃ তরিকুল আলম)
উপসচিব
ফোন: ৮১৮১৩০৮

বিতরণঃ

০১। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা (মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী বিবিএস এর সকল পরিচালকদের নিকট প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০২। অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৪। উপ-মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৫। যুগ্মসচিব (প্রশাসন)/(সংযুক্ত), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৬। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৭। উপসচিব, তথ্য ব্যবস্থাপনা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, ৩য় ফেজ, ৪র্থ তলা, সেগুনবাগিচা, ঢাকা।
০৯। সিনিয়র সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১০। সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১১। সহকারী প্রোগ্রামার (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১২। অফিস কপি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১। মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ব্লক-৭, পরিকল্পনা কমিশন চত্বর, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
০২। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
অডিট ও সমন্বয় অধিশাখা
www.sid.gov.bd

**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জুন, ২০১৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ০২ সেপ্টেম্বর ২০১৫, রোজ বুধবার |
| সময় | : | বিকাল ০৩.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (বি-ব্লক) |
| সভাপতি | : | কানিজ ফাতেমা এনডিসি<br>ভারপ্রাপ্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর এজেন্ডাভিত্তিক আলোচনা করার আহবান জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করার সম্মতি প্রদান করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অডিট ও সমন্বয় অধিশাখার উপ-সচিব জনাব মোঃ তরিকুল আলম আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করেন। বিগত মে, ২০১৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত এবং দৃঢ়করণ করা হয়। মাসিক সভার কার্যপত্রের আলোকে বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

## পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

বিগত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধানে |
|---|---|---|---|---|
| ১ | **উপজেলা পর্যায়ে পরিসংখ্যান কর্মকর্তার ২৮২টি ১ম শ্রেণীর পদ সৃজন:**<br>সভায় যুগ্ম-সচিব (প্রশাসন) জানান, জনপ্রশাসন মন্ত্রণালয়ে ২৬-০৭-২০১৫ তারিখে উক্ত বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। তিনি সভায় অবহিত করেন যে, জনপ্রশাসন মন্ত্রণালয় ৪৬৭টি পদ সৃজনে সম্মতি জ্ঞাপন করেছেন। | জনপ্রশাসন মন্ত্রণালয় ৪৬৭টি ১ম শ্রেণির কর্মকর্তার পদ সৃজনে সম্মতি জ্ঞাপন করেছেন। এ ব্যাপারে অর্থ মন্ত্রণালয়ের সাথে পত্র যোগাযোগ করা যেতে পারে। | উপ-মহাপরিচালক বিবিএস<br>যুগ্মসচিব (প্রশাসন), SID | মহাপরিচালক বিবিএস<br>ও<br>অতিরিক্ত সচিব SID |
| ২ | **বিবিএস এর নন-ক্যাডার কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৩ প্রণয়ন:**<br>বিবিএস হতে নিয়োগবিধি বিষয়ে কতিপয় পদে সংশোধনের প্রস্তাব প্রেরণের প্রেক্ষিতে ২৯-০৭-২০১৫ তারিখে ভারপ্রাপ্ত সচিব (SID) মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয় এবং সভার সিদ্ধান্তের আলোকে কার্যক্রম চলছে মর্মে সভায় জানানো হয়। | বিবিএস থেকে সিদ্ধান্তের আলোকে ত্রিশ সেট প্রস্তাব সচিব কমিটিতে প্রেরণের জন্য দ্রুত SID-এ প্রেরণ করতে হবে। | পরিচালক (এফএ এন্ড এমআইএস) বিবিএস<br>উপসচিব (প্রশাসন-৩), SID | উপ-মহাপরিচালক বিবিএস<br>ও<br>যুগ্ম-সচিব (প্রশাসন), SID |
| ৩ | **"পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ সম্পর্কিত নীতিমালা, ২০১৩" প্রণয়ন:**<br>নীতিমালা সংশোধিত খসড়া প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে আছে। | এ বিষয়ে সচিব মহোদয়ের কাছে উপস্থাপন করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপসচিব (প্রশাসন-৩), SID<br>ও<br>কমিটির সদস্যবৃন্দ | অতিরিক্ত সচিব SID |
| ৪ | **বিবিএস এর ১ম শ্রেণীর কর্মকর্তাগণের এসিআর স্ক্যান করে সংরক্ষণ:**<br>এ বিষয়ে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা) জানান যে, এসিআর স্ক্যানের কার্যক্রম চলমান আছে। বর্তমানে ১১১৭টি এসিআর স্কেন হয়েছে যা প্রায় ১০,০০০ পৃষ্ঠার উপরে। ২০১৪ সালের ৬৮টি এসিআর স্ক্যান করার জন্য বিবিএস হতে পাওয়া গিয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপসচিব (প্রশাসন), SID<br>সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), SID<br>সহকারী প্রোগ্রামার, SID | যুগ্ম-সচিব (প্রশাসন), SID |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধা |
|---|---|---|---|---|
| ৫ | **বিবিএস এর ২য় পর্যায়ে অর্গানোগ্রাম প্রণয়ন:** সভায় আলোচনা হয় যে, ২য় পর্যায়ে অর্গানোগ্রাম কেন লাগবে এ বিষয়ে মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো আরও সমীক্ষা করবেন। তাই কিছু সময় প্রয়োজন। | এ বিষয়ে বিবিএস আরও পরীক্ষা করে খসড়া অর্গানোগ্রাম SID-এ প্রেরণ করবেন। | উপ-মহাপরিচালক বিবিএস<br>পরিচালক (এফএ এন্ড এমআইএস) বিবিএস<br>উপসচিব (প্রশাসন-৩), SID | মহা-পরিচালক বিবিএস<br>যুগ্ম-সচিব (প্রশাসন),SID |
| ৬ | **জাতীয় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা একাডেমি পরিচালনার জন্য বিধিমালা প্রণয়ন:**<br><br>অতিরিক্ত সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১৮-০৮-১৫ তারিখ একটি সভা অনুষ্ঠিত হয়। এ বিষয়ে আরও কিছু সংস্থার বিধিমালা পর্যালোচনা প্রয়োজন। | এ মাসেই আরেকটি সভা করে একাডেমী পরিচালনা বিধিমালা প্রণয়ন করতে হবে। | উপসচিব (প্রশাসন-৩),SID<br><br>পরিচালক (এসএসটিআই),বিবিএস | অতিরিক্ত সচিব SID<br>এবং<br>উপ-মহাপরিচালক, বিবিএস |
| ৭ | **"তথ্য ব্যবস্থাপনা অধিদপ্তর (NID)" গঠনের প্রস্তাব প্রেরণ:**<br>তথ্য ব্যবস্থাপনা অধিদপ্তর গঠনের প্রস্তাব বিষয়ে একটি Power Point Presentation প্রস্তুত করা হয়েছে যা সচিব মহোদয়ের সুবিধাজনক সময়ে তা উপস্থাপন করা হবে। | তথ্য ব্যবস্থাপনা অধিদপ্তর গঠনের প্রস্তাব এর বিষয়টি আরও সমীক্ষা করতে হবে এবং সচিব মহোদয়ের কাছে উপস্থাপন করতে হবে। | উপসচিব (তথ্য ব্যবস্থাপনা) SID | অতিরিক্ত সচিব SID |
| ৮ | **বিভাগে MIS গঠন সংক্রান্ত:**<br>এ বিষয়ে অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) জানান যে, স্বাস্থ্য অধিদপ্তরের MIS সিস্টেম ও LGED-র MIS সিস্টেম পরিদর্শন করে প্রতিবেদন তৈরি করা হয়েছে। দুই ধরনের MIS হতে পারে। যথা (১) মানব সম্পদ ব্যবস্থাপনা সংক্রান্ত (২) ডেটাবেইজ সিস্টেম সংক্রান্ত | এ বিষয়ে অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) Presentation করবেন। | সহকারী প্রোগ্রামার, SID | অতিরিক্ত সচিব SID |
| ৯ | **জাতীয় তথ্য ব্যবস্থাপনা নীতিমালা (NIP):**<br><br>জাতীয় তথ্য ব্যবস্থাপনা নীতিমালা (খসড়া), ২০১৪ প্রণয়নের লক্ষ্যে মতামত চেয়ে ৬১টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় পত্র দেয়ার পর এ পর্যন্ত ২৬টি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা থেকে মতামত পাওয়া গিয়েছে। নীতিমালার কোন কোন ক্ষেত্রে দ্বৈততা পরিহারের লক্ষ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মতামত চেয়ে পত্র প্রেরণ করা হয়। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ থেকে এ বিষয়ে গুরুত্বপূর্ণ মতামত পাওয়া গিয়েছে যা খসড়া নীতিমালায় সংশোধন/পরিমার্জন করে তাদের মতামতের জন্য পুনরায় প্রেরণ করা হয়েছে। প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে জবাব অচিরেই পাওয়া যাবে বলে ফোনালাপে জানা যায়। এছাড়া স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে মতামত পাওয়ার জন্য ব্যক্তিগতভাবে যোগাযোগ করা হচ্ছে যা শীঘ্রই পাওয়া যাবে বলেও আশা করা যায়। এসব মতামত পাওয়ার পর খসড়া নীতিমালা হালনাগাদ করে সচিব মহোদয়ের সদয় অবলোকনের জন্য Power Point এর মাধ্যমে উপস্থাপন করা হবে। | এ ব্যাপারে একটি সভা করতে হবে। | উপসচিব (তথ্য ব্যবস্থাপনা) SID | অতিরিক্ত সচিব SID |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধানে |
|---|---|---|---|---|
| ১০ | **মানব সম্পদ উন্নয়ন/ প্রশিক্ষণ:**<br>এসএসটিআই এর পরিচালক জানান যে, প্রশিক্ষন কার্যক্রম চলমান। প্রশিক্ষনের ব্যাপারে SID কে পত্র দেওয়া হয়েছে। বর্তমানে ১০০০ জনের প্রশিক্ষণ চলছে। মাঠ পর্যায়েও প্রশিক্ষণের সুযোগ দেওয়া হবে। | টার্গেট Fill-up করতে হবে। | উপসচিব<br>(প্রশাসন), SID<br>ও<br>পরিচালক<br>(এসএসটিআই),<br>বিবিএস | অতিরিক্ত সচিব<br>SID<br><br>উপ-মহাপরিচালক<br>বিবিএস |
| ১১ | **পরিসংখ্যান ভবন এবং মাঠ পর্যায়ে কার্যালয়ের নিরাপত্তা সংক্রান্ত:**<br>ক) উপ-মহাপরিচালক, বিবিএস জানান যে, OTM এর Tender বাতিল করা হয়েছে। আগামী ০৩-০৯-২০১৫ তারিখের মধ্যে বিভাগের জন্য স্পেশাল লিফটের ব্যবস্থা করা হবে।<br>খ) পুরানো গাড়ী বিআরটিএ'র প্রতিনিধি পরিদর্শন করেছেন। রিপোর্ট প্রাপ্তির পর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। | ক) আগামী ০৩-০৯-২০১৫ তারিখের মধ্যে বিভাগের জন্য স্পেশাল লিফটের ব্যবস্থা করতে হবে। DG, কমিটি করে দিবে।<br><br>খ) অনুবিভাগের জন্য কমিটি রয়েছে। বিভাগের জন্য কমিটির ব্যবস্থা নিতে হবে। | উপসচিব<br>(প্রশাসন), SID<br><br>পরিচালক<br>(এফএ এন্ড এমআইএস)<br>বিবিএস<br><br>সিনিয়র সহকারী সচিব<br>(প্রশাসন-২), SID | মহাপরিচালক<br>বিবিএস<br><br>অতিরিক্ত সচিব<br>SID<br><br>যুগ্ম-সচিব<br>(প্রশাসন),SID |
| ১২ | **ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত:**<br>এ বিষয়ে সভায় আলোচনা হয় যে, ই-ফাইলিং নিয়ে আলাদা মিটিং করতে হবে। প্রত্যেকটি শাখায় এর বিস্তার ঘটানোর প্রয়োজনীয় ব্যবস্থা নিন। A2i এর সাথে আলোচনা করে বিবিএস এ ই-ফাইলিং কার্যক্রম চালু করা যেতে পারে। সেক্ষেত্রে আর্কাইভ সমৃদ্ধ করতে হবে। ই-ফাইলিং এ সকল মন্ত্রণালয়ের মধ্যে SID এগিয়ে। | বিবিএস এর লাইব্রেরি ও আর্কাইভ সমৃদ্ধ করতে হবে। | উপসচিব<br>(প্রশাসন), SID<br>ও<br>সংশ্লিষ্ট শাখা/অধিশাখার কর্মকর্তা<br>পরিচালক<br>কম্পিউটার উইং বিবিএস | যুগ্ম-সচিব<br>(প্রশাসন), SID |
| ১৩ | **অডিট আপত্তি সংক্রান্ত:**<br>বিবিএস এফএ এন্ড এমআইএস এর উপ-পরিচালক জানান যে, পূর্বে ৮০০০ আপত্তি ছিল বর্তমানে তা নিষ্পত্তি করে মাত্র ৭০টিতে নামিয়ে আনা হয়েছে। এরই মধ্যে আরও ২২টি নিষ্পত্তির জন্য অডিট অধিদপ্তরে পত্র দেওয়া হয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়। | আপত্তি নিষ্পত্তির জন্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে। প্রয়োজনে ত্রিপক্ষীয় সভা করে নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | পরিচালক<br>(এফএএন্ড এমআইএস)<br>বিবিএস<br>ও<br>উপসচিব<br>(অডিট ও সমন্বয়)<br>SID | মহাপরিচালক<br>বিবিএস<br><br>যুগ্মসচিব<br>(প্রশাসন), SID |
| ১৪ | **অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (Grievance Redress System-GRS) সংক্রান্ত কার্যক্রম:**- অভিযোগ বাক্স নিয়মিত খোলা হয়। এ পর্যন্ত কোন অভিযোগ পাওয়া যায়নি। ৩ বছর হলেই বদলীর বাধ্যবাধকতা থাকলেও তা ঠিক মত করা হচ্ছে না। কেন হচ্ছে না? | যথাযথ নিয়মেই বদলী করা করতে হবে। | উপসচিব<br>(অডিট ও সমন্বয়)<br>SID<br>পরিচালক<br>(এফএএন্ড এমআইএস)<br>বিবিএস | মহাপরিচালক<br>বিবিএস<br>উইং প্রধানগণ<br>SID |
| ১৫ | **মামলা সংক্রান্ত:**<br>মামলা নিয়মিত বিবিএস ও SID থেকে তদারকি করা হচ্ছে। মোট কতটি মামলা আছে? কতটি মামলার জবাব প্রস্তুত করা হয়েছে? তার বিস্তারিত তথ্য তুলে ধরার বিষয়ে আলোচনা করা হয়। | মামলার সংক্ষিপ্ত ব্যাখ্যা তুলে ধরতে হবে। | উপ-মহাপরিচালক<br>বিবিএস<br>উপসচিব<br>(অডিট ও সমন্বয়)<br>SID | মহাপরিচালক<br>বিবিএস<br>যুগ্মসচিব<br>(প্রশাসন), SID |
| ১৬ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA) সংক্রান্ত:**<br>সভায় জানানো হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগে চুক্তি দেওয়া হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন)<br>SID | অতিরিক্ত সচিব<br>SID |

# বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

বিগত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধানে |
|---|---|---|---|---|
| ১ | **বিবিএস এর ৩য় ও ৪র্থ শ্রেনীর জনবল নিয়োগ:**<br>৩য় ও ৪র্থ শ্রেণীর প্রাপ্ত আবেদন বাছাইর কাজ শেষ হয়েছে। পরবর্তী কার্যক্রম হিসেবে IBA ও অন্যান্য সংস্থার সাথে পরীক্ষা গ্রহণের জন্য যোগাযোগ করা হচ্ছে। ২৪৫ পদের জন্য ২ বার বিজ্ঞপ্তি দেওয়ার পর মোট ১,১০,০০০টি আবেদন পাওয়া গিয়েছে। Database করা হয়েছে। IBA কে দেওয়া হবে। এ ব্যাপারে ২ কোটি টাকার বাজেট আছে। | দ্রুত নিয়োগের কাজটি শেষ করা যেতে পারে। | উপ-মহাপরিচালক<br>বিবিএস | মহাপরিচালক<br>বিবিএস |
| ২ | **বিবিধ:** | | | |
| ২(ক) | **ওয়েবসাইট হালনাগাদকরণ সংক্রান্ত:**<br>বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ওয়েব সাইট তথ্য প্রাপ্তি সাপেক্ষে নিয়মিত আপডেট করা হয়। প্রতিদিনের কার্যসূচি স্করাল করা যেতে পারে। সভা, সেমিনারে নোটিশগুলো Website এ Upload করে দিতে হবে। এ ব্যাপারে নোটিশে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ কথাটি লিখতে হবে। | প্রতিদিনের কার্যক্রম ওয়েব সাইটে প্রকাশ করা যেতে পারে। | সহকারী প্রোগ্রামার, SID<br><br>পরিচালক<br>কম্পিউটার উইং<br>বিবিএস | মহাপরিচালক<br>বিবিএস |
| ২(খ) | **পেনশন সংক্রান্ত:**<br>পেনশন কেইস নিয়মিত নিষ্পত্তি করা হচ্ছে। কোন কেইস পেন্ডিং নেই। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপসচিব<br>(প্রশাসন), SID<br>ও<br>পরিচালক<br>(এফএএন্ড এম আইএস),<br>বিবিএস | যুগ্মসচিব<br>(প্রশাসন), SID |
| ২(গ) | **বিদ্যুৎ বিল ও ভুমি উন্নয়ন কর পরিশোধ সংক্রান্ত:**<br>পৌর কর খাতে পর্যাপ্ত বরাদ্দ পাওয়া গিয়াছে। অতিসত্বর বিল পরিশোধ করা হবে। | বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। | সংশ্লিষ্ট উইং এর পরিচালকগণ | মহাপরিচালক<br>বিবিএস |
| ২ (ঘ) | **জলাবদ্ধতা নিরসন:**<br>সভায় আলোচনা হয় যে, জলাবদ্ধতা নিরসনের জন্য চিরস্থায়ী বন্দোবস্তা করতে হবে। এ ব্যাপারে পরিচালক, এফএ এন্ড এমআইস, ওয়াসার প্রকল্প পরিচালকের সাথে যোগাযোগ করে তার নাম, ফোন নম্বর ইত্যাদি সংগ্রহ করবেন। | দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা করা যেতে পারে। | পরিচালক<br>(এফএএন্ড এম আইএস),<br>বিবিএস | মহাপরিচালক<br>বিবিএস |

অতঃপর উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

কানিজ ফাতেমা এনডিসি
ভারপ্রাপ্ত সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ